গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ঈশ্বরদী, পাবনা
Web:acl.ishurdi.pabna.gov.bd

বিজ্ঞপ্তি নং- ০১/২০২৫

তারিখ ঃ ১৬ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ
০২ জানুয়ারি, ২০২৫ খ্রিস্টাব্দ

"সাধারণ আবেদনে ২০ (বিশ) একর পর্যন্ত জলমহাল ইজারার আবেদন অনলাইনে দাখিল সংক্রান্ত বিজ্ঞপ্তি"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বাংলাদেশ গেজেটের, অতিরিক্ত সংখ্যা, জুন ২৫, ২০০৯ তারিখে প্রকাশিত ভূমি মন্ত্রণালয়ের শাখা নং ৭ এর ২৩ জুন ২০০৯ তারিখের প্রজ্ঞাপন অনুযায়ী সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর 'জাল যার জলা তার' নীতির আলোকে এবং ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ অধিশাখা'র ১৭/১২/২০২৪ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২).৬৯৪ নং প্রজ্ঞাপনের ঘোষিত মোতাবেক ২০(বিশ) একর পর্যন্ত বদ্ধ জলমহাল অনলাইনে ইজারা ব্যবস্থাপনার জন্য পাবনা জেলার ঈশ্বরদী উপজেলার নিম্নবর্ণিত ১২ (বার) টি বদ্ধ খাস জলমহাল ১৪৩২-১৪৩৪ . বঙ্গাব্দ পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে ইজারা বন্দোবস্তের নিমিত্ত অনলাইনে আবেদন গ্রহণ করা হবে। আগ্রহী নিবন্ধিত প্রকৃত যুব মৎস্যজীবী সমবায় সমিতি, সমবায় অধিদপ্তর ও সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনকে যে কোন তফসিলি ব্যাংকের শাখা হতে উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরদী, পাবনা-এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিয়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও উপজেলা ভূমি অফিস, ঈশ্বরদী, পাবনা হতে আবেদনপত্র ক্রয় করে www.land.gov.bd তে অথবা www.jm.lams.gov.bd তে জলমহাল ইজারার জন্য অনলাইনে আবেদন দাখিল করতে হবে। নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী অনলাইনে আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালাকৃত মুখবন্ধ খামে নিম্নবর্ণিত তারিখে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে। অনলাইনে আবেদনের প্রিন্টেড কপি ব্যতিত ও সিডিউলে বর্ণিত তারিখের পর আবেদন গ্রহণ করা হবে না। ইজারা মূল্যের ২০% পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জামানত হিসাবে আবেদনের সাথে দাখিল করতে হবে। কোন জলমহাল ইজারা বন্দোবস্ত প্রদানের বিরুদ্ধে যদি উপযুক্ত কর্তৃপক্ষ/আদালতে স্থিতিবস্থা/স্থগিতাদেশ/নিষেধাজ্ঞার আদেশ জারি করেন, তবে সে সকল জলমহালের ক্ষেত্রে এই বিজ্ঞপ্তি কার্যকর হবে না।

উল্লেখ্য যে, নিম্নলিখিত শর্ত সাপেক্ষে সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনগুলোকে প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার প্রদান করা হবে। জলমহাল ইজারা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি এবং ইজারাদারদের অবশ্য পালনীয় শর্তাবলী যে কোন কার্যদিবসে অফিস চলাকালীন সময়ে উপজেলা ভূমি অফিস, ঈশ্বরদী, পাবনা-এর কার্যালয় হতে জানা যাবে।

আবেদন সংক্রান্ত সিডিউল

ক্রমিক নং	গৃহীত কার্যক্রম	তারিখ
০১।	অনলাইনে ইজারার আবেদন দাখিল	০১ মাঘ থেকে ১৪ মাঘের মধ্যে (১৫ জানুয়ারি, ২০২৫ খ্রি. হতে ২৮ জানুয়ারি, ২০২৫ খ্রি.)
০২।	অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল (প্রতিদিন সকাল ০৯.০০ টা হতে বিকাল ০৪.০০ টা)	১৪ মাঘ এর থেকে পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে (২৯ - ৩০ জানুয়ারি ও ০২ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রি.)
৩।	অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই	২০ মাঘ থেকে ২৬ মাঘের মধ্যে (০৩ ফেব্রুয়ারি,২০২৫ খ্রি.)

(বাংলা ১৪৩২- ১৪৩৪ পর্যন্ত) ইজারাযোগ্য জলমহালের বিবরণ

ক্রঃ নং	জলমহাল/পুকুরের নাম	মৌজা	খং নং	দাগ নং (আর.এস)	আয়তন (একরে)	বাৎসরিক সম্ভাব্য সরকারি মূল্য
০১	০২	০৩	৪	০৫	০৬	০৭
১	দিকশাইল দেওয়ান বড় পুকুর	দিকশাইল দেওয়ান	১	১৭৯৮	২.৩০ একর	৭৩,০৮০/-
০২	বেল পুকুর	বাঘহাচলা	১	৫৪১/৩৫৬	০.৯২ একর	১৬,৯৫৮/-
০৩	রহমতের পুকুর	বাঘহাচলা	১	৪২৩/৩৪৮	০.৮৫ একর	৯,৬৬০/-
০৪	ছাইগাড়ী পুকুর	বাঘহাচলা	০১	০০/৩৯৮	০.৮২ একর	১,১২১/-
০৫	মাদ্রাসা পুকুর	মুলাডুলি	০১	০০/১৫৯২	১.৫৪ একর	১৪,৪২১/-
০৬	চিতলা পুকুর	মুলাডুলি	০১	০০/১৩০৩	২.০৫ একর	১২,১৮০/-
০৭	এবাদতের পুকুর	সরাইকান্দি	০১	০০/১৪৬৭	০.৭০ একর	৫,৩২১/-
০৮	দিকশাইল দেওয়ান কানা পুকুর	দিকশাইল দেওয়ান	০১	০০/১৭৯৬	০.৯৩ একর	১৩,০৯১/-
০৯	অরনখোলা দহ	অরনখোলা	০১	০০/১৯২৫	৮.৬২ একর	৫৬,৭০০/-
১০	চকনারিচা বাগবাড়ীয়া খাসপুকুর	বাগবাড়ীয়া	০১	৭৩১	০.৪৭ একর	৩,৯৯০/-
১১	জোর পুকুর	বাঘহাচলা	০১	০০/৪০০	০.৮২ একর	৮,০৮৫/-
১২	সুধার পুকুর	মুলাডুলী	০১	১৩৭	১.৪৪ একর	৩,৫৭০/-

চলমান পাতা-০১

১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দের জলমহাল ইজারার শর্তাবলী ঃ

১. আবেদন ফরম উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও উপজেলা ভূমি অফিস, ঈশ্বরদী, পাবনায় পাওয়া যাবে এবং www.land.gov.bd তে অথবা www.jm.lams.gov.bd ওয়েবসাইটে গিয়ে জলমহাল ইজারার জন্য আবেদন দাখিল করতে হবে। অনলাইনে দাখিলকৃত আবেদনপত্রের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরদী, পাবনা বরাবর দাখিল করতে হবে। সিডিউল অনুযায়ী নির্ধারিত সময়ের পরে কোন আবেদনের প্রিন্টেড কপি গ্রহণ করা যাবে না।

২. ইজারা/বন্দোবস্ত বিজ্ঞপ্তিতে ০১(এক) বছরের বার্ষিক মূল্য উল্লেখ করা হয়েছে, ০৩(তিন) বছরের জন্য মূল্য যা উল্লিখিত ০১(এক) বছরের মূল্যের ০৩ (তিন) গুণ হবে।

৩. আবেদনপত্র দাখিলের পূর্বে জলমহালটি সরেজমিনে দেখে আবেদন দাখিল করতে হবে। পরে কোন আপত্তি উত্থাপন করলে তা গ্রহণযোগ্য হবে না।

৪. সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনগুলোকে প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার প্রদান করা হবে।

৫. আবেদনপত্রের প্রিন্টেড কপির সাথে প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনের সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করতে হবে। উহার অনুলিপি সংশ্লিষ্ট উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির নিকট দাখিল করতে হবে।

৬. আবেদনপত্র যথাযথভাবে পূরণপূর্বক আবেদনকারীকে স্বাক্ষর প্রদান করতে হবে।

৭. আবেদনপত্র/ফরমে কোন প্রকার কাটাকাটি বা ঘষামাজা করা যাবে না। প্রতিটি কলাম যথাযথভাবে স্পষ্টাক্ষরে লিখতে হবে।

৮. আবেদনপত্রের সাথে সরকারি মূল্যের ২০% (০৩ বছরের মূল্যের ২০%) অর্থ জামানত স্বরূপ যে কোন তফসিলি ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার ঈশ্বরদী, পাবনা এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দাখিল করতে হবে। যা শেষ বছরের (৩য়) ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে। জামানতের অর্থ কম হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৯. ইজারা মূল্যের অতিরিক্ত ১০% আয়কর ও ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) প্রতি বছর ইজারাগ্রহীতাকে পরিশোধ করতে হবে।

১০. আবেদনপত্রের সাথে মৎস্যজীবী সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যায়নপত্র ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে।

১১. আবেদনকারী সমবায় সমিতি বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরূপ জেলা/উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যায়নপত্র দাখিল করতে হবে এবং বিগত ০২(দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন নিবন্ধনকৃত মৎস্যজীবীদের সমবায় সমিতির ক্ষেত্রে এ ধরনের প্রমাণক প্রয়োজন হবে না।

১২. আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতিকে ০৩(তিন) বছর মেয়াদী লীজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১৩. জলমহাল সংক্রান্ত ইজারা বিজ্ঞপ্তিতে উল্লিখিত জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবীদের সমিতি যারা সমবায়/সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত, সে সকল সমিতি জলমহাল ইজারার জন্য আবেদন করতে পারবেন। তবে কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন/সমিতি জলমহাল ইজারার জন্য আবেদন করতে পারবেন না।

১৪. আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তাহলে উক্ত সমিতি আবেদনের অযোগ্য বিবেচিত হবেন।

১৫. মৎস্যজীবী সংগঠন/সমিতিকে যাচাইয়ের ক্ষেত্রে উক্ত সংগঠন/সমিতি এর কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারা মূল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে উক্ত সংগঠন/ সমিতি জলমহাল ইজারা/বন্দোবস্তের অযোগ্য বলে বিবেচিত হবেন।

১৬. জলমহাল ইজারা/বন্দোবস্তপ্রাপ্ত কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি, তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ প্রদান করতে পারবেন না বা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবেন না।

১৭. কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি ০২(দুই)টির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবেন না।

১৮. জলমহালের ইজারার মেয়াদ ০১ বৈশাখ থেকে শুরু হবে এবং বছরের যে কোন সময়ে জলমহালের ইজারা গ্রহণ করলেও ইজারার মেয়াদ ০১ বৈশাখ থেকেই কার্যকর হবে। একই বছরের ৩০ চৈত্র তারিখে তা শেষ হবে। যদি একই সময়ের মধ্যে খাস কালেকশন করা হয় তাহলে তা সরকারি খাতে জমা হবে, ইজারাপ্রাপ্ত সমিতি/সংগঠন পাবেন না।

১৯. বন্দোবস্ত/ইজারাকৃত জলমহালের কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না। বদ্ধ বা উন্মুক্ত কোন জলাশয়েই রাক্ষুসে মাছ চাষ করা যাবে না।

২০. কোন জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রদানের বিরুদ্ধে যদি উপযুক্ত কর্তৃপক্ষ/আদালত স্থিতিবস্থা/স্থগিতাদেশ/নিষেধাজ্ঞার আদেশ জারী করেন, তবে সে সকল জলমহালের ক্ষেত্রে এই বিজ্ঞপ্তি কার্যকর হবে না।

২১. জলমহালের কোন ক্ষতিসাধন করা যাবে না এবং ভূ-গর্ভস্থ কোন সম্পদের উপর ইজারা গ্রহীতার অধিকার বর্তাবে না।

২২. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যাতিরেকেই যে কোন/সকল আবেদনপত্র বাতিল/গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করেন এছাড়াও যে কোন শর্ত সংযোজন/সংশোধনের পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন।

২৩. জলমহাল ইজারা/বন্দোবস্তপ্রাপ্ত সংগঠন/সমিতি তাদের নিজ খরচে ইজারা চুক্তি সম্পাদন করবেন।

২৪. উল্লিখিত যে কোন শর্ত খেলাপ বা পালনে ব্যর্থ হলে ইজারা/বন্দোবস্তের মেয়াদ শেষ হওয়ার পূর্বেই ইজারা বাতিল ও সমুদয় টাকা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

২৫. জলমহাল সংক্রান্ত ব্যবস্থাপনা সর্বক্ষেত্রে "সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯" অনুযায়ী পরিচালিত হবে। এছাড়াও বিভিন্ন সময়ে জারিকৃত সরকারি বিধি-বিধানসমূহ ইজারা গ্রহীতাকে মেনে চলতে হবে।

02/02/2025

(সুবীর কুমার দাশ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
ঈশ্বরদী, পাবনা
Web:acl.ishurdi.pabna.gov.bd

১৬ পৌষ, ১৪৩১

স্মারক নং : ০৫.৪৩.৭৬৩৯.০০০.৩৪.০০৯.২৫-০৮ তারিখঃ ০২ জানুয়ারি, ২০২৫

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে ঃ

০১. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০২. চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা

০৩. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী

০৪. জেলা প্রশাসক, পাবনা

০৫. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পাবনা

০৬. প্রশাসক, উপজেলা পরিষদ, ঈশ্বরদী, পাবনা

অনুলিপি ঃ সদয় অবগতি ও ব্যাপক প্রচারের জন্য প্রেরিত হলো ঃ

০৭-১৪. উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরদী, পাবনা

১৬-২২. সহকারী কমিশনার (ভূমি), ... (সকল), পাবনা

২৩. প্রশাসন, ঈশ্বরদী পৌরসভা, ঈশ্বরদী, পাবনা

২৪. অফিসার-ইন-চার্জ, ঈশ্বরদী থানা, ঈশ্বরদী, পাবনা । তাঁকে দরপত্র দাখিলের দিন প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েনের জন্য অনুরোধ করা হলো।

২৫-৩০. উপজেলা.....................................কর্মকর্তা (সকল), ঈশ্বরদী, পাবনা

৩১-৩৭. চেয়ারম্যান/ প্রশাসক.................................. ইউপি (সকল), ঈশ্বরদী, পাবনা

বিজ্ঞপ্তিটি তাঁর এলাকার হাট/বাজার ও জনসমাগম এলাকায় ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

৩৮-৪৪. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল)
.... ইউনিয়ন ভূমি অফিস, ঈশ্বরদী, পাবনা

৪৫. সহকারী কমিশনার (ভূমি), ঈশ্বরদী পাবনা এর কার্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবসাইট

৪৬. সম্পাদক/রিপোর্টার, দৈনিক.., ইজারা বিজ্ঞপ্তিটি নিখরচায় পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৪৭. সভাপতি/সম্পাদক...
মৎস্যজীবী সমবায় সমিতি, ঈশ্বরদী, পাবনা

Shahadat
০২/০১/২০২৫

শাহাদাত হোসেন খান
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ঈশ্বরদী, পাবনা